## “করোনা ভাইরাস প্রতিরোধে করণীয় ও সচেতনতা” শীর্ষক
## সভার কার্যবিবরণী

সভাপতি: শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদফতর

স্থান: মেঘনা হল (২য় তলা), সমাজসেবা অধিদফতর।

তারিখ: ০৪ এপ্রিল ২০২১

সময়: বিকাল ৪.৩০ টা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ (পরিশিষ্ট-ক)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অত:পর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ উপস্থাপন করা হয়-

(ক) আলোচ্যসুচি: করোনা ভাইরাস সম্পর্কে পরিচিতিমূলক আলোচনা ও প্রস্তুতি

করোনা ভাইরাস এর পরিচিতি, লক্ষণসমূহ, সংক্রমণের মাধ্যম, প্রতিরোধে উপায় এবং বর্তমান বৈশ্বিক ও জাতীয় পরিস্থিতি, ও সংশ্লিষ্ট সকলের করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি করোনা ভাইরাসের মতো জাতীয় দুর্যোগ প্রতিরোধে সকলকে সতর্কতা অবলম্বন এবং গণসচেতনতা সৃষ্টিতে গুরুত্বারোপ করেন। সভাপতি সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারীকে করোনা সংক্রমনে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চলা, আক্রান্ত হলে তথ্য গোপন না করা এবং প্রযোজ্য হলে কোয়ারেণ্টাইন এর নিয়ম-কানুন প্রতিপালনের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

ক.(১) করোনা সংক্রমণ রোধে সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সকল কর্মকর্তা-কর্মচারীর বায়োমেট্রিক পদ্ধতিতে হাজিরা প্রদান এর পরিবর্তে হাজিরা খাতায় স্বাক্ষর প্রদানের হাজিরা প্রদান করতে হবে।

ক.(২) জরুরি প্রয়োজন ব্যতীত আগামী ০৫-০৪-২০২১ হতে ১১-০৪-২০২১ পর্যন্ত ০৭ সাত) দিন) সকল অভ্যন্তরীণ সভা,সেমিনার ও ওয়ার্কশপ পরিহার করতে হবে।

ক.(৩) সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়সহ সংশ্লিষ্ট সকল ইউনিট অফিসে কর্মরত দৈনিক কর্মচারী, লিফট অপারেটর,কুক এবং পরিচ্ছনতাকর্মীদের করোনা সংক্রমণ সংক্রান্ত বিষয়ে সচেতন করতে হবে এবং হ্যান্ড গ্লাভস ও মাস্ক সরবরাহ করতে হবে।

ক.(৪) সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসে সাবান পানি দিয়ে হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ক.(৫) সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়সহ সংশ্লিষ্ট সকল ইউনিট অফিসে লিফট,সিঁড়ির রেলিং,দরজা,আসবাবপত্র এবং নিয়মিত স্পর্শ করা হয় এমন সকল জিনিসপত্র জীবাণুনাশক দ্বারা নিয়মিত পরিছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ক.(৬) সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়সহ অধীনস্থ সকল অফিসের প্রবেশ পথে সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ঢাকনাযুক্ত ময়লার বিন স্থাপন করতে হবে।

ক.(৭) সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়ে করোনার সংক্রমণরোধে প্রবেশপথে সেবাগ্রহীতা, সেবাপ্রত্যাশী ও দর্শনার্থী ব্যক্তিদের দৈহিক তাপমাত্রা পরিমাপের জন্য ০২ টি Temparature Gun ক্রয় করতে হবে এবং এর ব্যবহার নিয়মিত মনিটরিং করতে হবে।

বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর।

(খ) আলোচ্যসুচি: করোনা সংক্রমণ প্রতিরোধে মাঠপর্যায়ের প্রস্তুতি ও কার্যক্রম

করোনা ভাইরাস সংক্রমণ জাতীয় দুর্যোগে রূপান্তরিত হওয়ার প্রেক্ষিতে প্রস্তুতিমূলক ব্যবস্থা হিসেবে মাঠপর্যায়ে উন্মুক্ত ভাতা বাছাই কার্যক্রম, ব্যাংকে ভাতাভোগীদের অর্থ পরিশোধ এবং মাঠ পর্যায়ের ইউনিট অফিসসমূহের করণীয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত:

খ.(১) করোনা পরিস্থিতির কারণে মাঠপর্যায়ের সকল ইউনিটের কর্মকর্তা-কর্মচারীকে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করতে হবে।

খ.(২) স্থানীয় পর্যায়ে সমাজসেবা অধিদফতরের সুবিধাভোগীদের করোনা সংক্রমণ প্রতিরোধে সচেতন করার লক্ষ্যে গণসচেতনতামূলক ক্যাম্পেইন করার ব্যবস্থা নিতে হবে।

খ.(৩) স্থানীয় মাঠ পর্যায়ে করোনা সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত ব্যবস্থা গ্রহণের বিষয়টি মনিটরিং এর জন্য পরিচালক (প্রতিষ্ঠান) কে আহবায়ক করে ৯ সদস্যবিশিষ্ট একটি করোনা সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত মনিটরিং সেল গঠন করা হবে।

বাস্তবায়ন: পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর।

(গ) সমাজসেবা অধিদফতরের আবাসিক প্রতিষ্ঠানসমূহে করোনা সংক্রমণ প্রতিরোধ

আলোচনা: সভাপতি জানান যে, বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানসমূহে অবস্থানরত নিবাসীদের সার্বিক সুরক্ষা বিধান করা প্রাতিষ্ঠানিক অভিভাবক হিসেবে সমাজসেবা অধিদফতরের নৈতিক এবং আইনগত দায়িত্ব। সভায় সমাজসেবা অধিদফতরের সকল আবাসিক প্রতিষ্ঠানে (সরকারি শিশু পরিবার,দুঃস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্রসমুহ এবংশেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রসমূহ) অবস্থানরত নিবাসীদের করোনা সংক্রমণ প্রতিরোধ প্রস্তুতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত:

গ.(১) সরকারি শিশু পরিবার, ছোটমনি নিবাস, ডে-কেয়ার সেন্টার, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, সরকারি আশ্রয় কেন্দ্র, প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান করবেন।

গ.(২) সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়সহ সমাজসেবা অধিদফতর অধীন নিবাসী রয়েছে এমন সকল প্রতিষ্ঠানে (সরকারি শিশু পরিবার, ছোটমনি নিবাস, ডে-কেয়ার সেন্টার, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠানসমূহ ইত্যাদি) আগামী ০৭ দিন অভিভাবকের সাথে সকল নিবাসীদের সাক্ষাৎকার দিবস স্থগিত রাখতে হবে।

গ.(৩) কার্যালয়ের আবাসিক প্রতিষ্ঠানসমূহের নিবাসীদের অভ্যন্তরীণ পাঠদান কার্যক্রম সীমিত আকারে পরিচালনা করতে হবে।

গ.(৪) কার্যালয়ের আবাসিক প্রতিষ্ঠানসমূহের নিবাসীদের করোনা সংক্রমণ প্রতিরোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ.(৫)-সকল শিশু পরিবারে ন্যনতম ১টি কক্ষে কোয়ারেণ্টাইন রুম স্থাপন করতে হবে এবং কোন শিশু রোগাক্রান্ত হলে দ্রুত জরুরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ.(৬) সকল নিবাসীকে বিদ্যমান বাজেটের মধ্যেই প্রতিদিনের খাদ্য তালিকায় নিয়মিত সিভিট ( ভিটামিন-সি যুক্ত ট্যাবলেট) এবং লেবু পানি যুক্ত করতে হবে।

গ.(৭) সকল নিবাসীকে শিশু পরিবারে সরবরাহকৃত পচনশীল ও অপচনশীল মালামাল এবং বাহির থেকে আগত খাদ্যদ্রব্য ও অন্যান্য জিনিসপত্র গ্রহণের ক্ষেত্রে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে হবে।

গ.(৮) সরকারি আশ্রয় কেন্দ্রে বিজ্ঞ আদালতের মাধ্যমে প্রেরিত সকল নতুন নিবাসীকে ১৪ দিনের জন্য কোয়ারেণ্টাইনে প্রেরণ করতে হবে। এ লক্ষ্যে প্রতিটি সরকারি আশ্রয় কেন্দ্রে একটি পৃথক কক্ষে কোয়ারেণ্টাইন রুম স্থাপন করতে হবে।

গ.(৯) সকল ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানায় নিবাসী শিশুদের সুরক্ষায় ০১ টি পৃথক কক্ষে কোয়ারেণ্টাইন রুম স্থাপন করতে হবে এবং নিবাসীদের প্রতিষ্ঠান হতে বাহির অথবা ভিতরে প্রবেশ বন্ধ থাকাবে।

গ (১০) সকল শিশু পরিবারের খালাম্মা/ বাড়ভাইয়া/ বড় আপাদের প্রতিষ্ঠানে থাকতে হবে।

গ(১১) প্রত্যেক জেলার উপপরিচালক ও সহকারী পরিচালক প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করবেন।

বাস্তবায়ন:

(ঘ). আলোচ্যসুচি: স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের করোনা সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত প্রস্তুতি

আলোচনা: সমাজসেবা অধিদফতর হতে নিবন্ধনপ্রাপ্ত সংস্থাসমুহকে করোনা সংক্রমণ প্রতিরোধে সম্পৃক্তকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: (ঘ) ১. সকল নিবন্ধিত সংস্থাসমুহ করোনা সংক্রমণ প্রতিরোধে তাদের স্ব স্ব সুবিধাভোগীদের সম্পৃক্ত করে গণসচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করবেন।

বাস্তবায়ন: উপপরিচালক (নিবন্ধন ও নিয়ন্ত্রণ), সমাজসেবা অধিদফতর।

(ঙ) আলোচ্যসুচি: করোনা সংক্রমণ প্রতিরোধে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ

আলোচনা: সভায় করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সচেতনতামূলক পোস্টার ও লিফলেট মাঠপর্যায়ে সংশ্লিষ্ট সকল ইউনিট অফিসে প্রেরণ করা হয়েছে বলে জানানো হয়। মাঠপর্যায়ে সমাজসেবা অধিদফতরের সকল সুবিধাভোগী, কর্মকর্তা-কর্মচারী এবং স্টেকহোল্ডারদের সচেতন করার লক্ষ্যে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

(ঙ) ১. সিদ্ধান্ত: করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত মাল্টিমিডিয়া প্রেজেন্টেশন এর সফটকপি সংশ্লিষ্ট সকল ইউনিট অফিসের দাপ্তরিক মেইলে প্রেরণ করতে হবে।

(ঙ) ২. সিদ্ধান্ত: মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনটি সকল সুবিধাভোগীদের করোনা সংক্রমণ প্রতিরোধে সচেতন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কার্যালয়ের স্ব স্ব ওয়েবসাইট,অফিসিয়াল ফেসবুক পেইজে প্রকাশ এবং মাল্টিমিডিয়া প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঙ) ৩. সিদ্ধান্ত: সকল উপপরিচালকবৃন্দ মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনটি তাঁর অধিক্ষেত্রের আওতাধীন এলাকায় কার্যরত নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থা এবং ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত এতিমখানায় ব্যাপক সচেতনতামূলক প্রচারণার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানপূর্বক উদ্দেশ্যে প্রেরণ নিশ্চিত করবেন।

বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর এবং বিভাগীয় পরিচালক (সকল), বিভাগীয় সমাজসেবা কার্যালয়।

(চ) আলোচ্যসুচি: সদর কার্যালয়ে উপস্থিত থাকা সংক্রান্ত

আলোচনা: সরকারের ঘোষিত নির্দেশনা মোতাবেক সীমিত পরিসরে কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত

চ (১) প্রশাসনে যাদের থাকার প্রয়োজন তাদের থাকতে হবে।

চ(২) কার্যক্রম অধিশাখায় ৩০% জনবল উপস্থিত থাকতে হবে।

চ(৩) সামাজিক নিরাপত্তা শাখা ৩০% জনবল উপস্থিত থাকতে হবে।

চ(৪) শৃঙ্খলা ও তদন্ত শাখা ১ সপ্তাহ বন্ধ থাকবে।

চ(৫) অর্থ শাখা ৫০% জনবল উপস্থিত থাকবে।

চ(৬) প্রকাশনা শাখা ৩০% জনবল উপস্থিত থাকবে।

চ(৭) প্রশাসন ১ ও ২ শাখায় প্রয়োজনীয় সংখ্যক জনবল উপস্থিত থাকবে।

চ(৮) প্রতিষ্ঠান অধিশাখা ৫০% জনবল উপস্থিত থাকবে।

চ(৯) গুদাম ও যানবাহন শাখা ১০০% খোলা থাকবে।

চ(১০) মাঠ পর্যায়ে ৩০% জনবল উপস্থিত থকবে।

চ(১০) অফিস সময় সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা।

বাস্তবায়ন : সকল অধিশাখার পরিচালকগণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৮/০৪/২০২০

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর

নম্বর: ৪১.০১.০০০০.০২০.০৫.০০১.১৯. ৯৭৬

তারিখ: ২৮ চৈত্র ১৪২৭
১১ এপ্রিল ২০২০

বিতরণ :

সদয় কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০২। কর্মসূচি পরিচালক, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
০৩। কর্মসূচি পরিচালক, ''প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ'' কর্মসূচি, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৪। জাতীয় প্রকল্প পরিচালক, Child Sensitive Social Protection in Bangladesh (CSPB), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৫। অতিরিক্ত পরিচালক (কার্যক্রম/পরিকল্পনা ও উনণয়ন/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৬। কর্মসূচি পরিচালক (সকল), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৭। কর্মসূচি পরিচালক, ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠির বিকল্প কর্মসংস্থান, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৮। উপপরিচালক ............................................................সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৯। অধ্যক্ষ/উপপরিচালক, জাতীয় সমাজসেবা একাডেমি/আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা
১০। সহকারী পরিচালক (গুদাম ও যানবাহন), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। তাঁকে সভায় ৬০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। সহকারী পরিচালক/উপাধ্যক্ষ.....................................................সমাজসেবা অধিদফতর/জাতীয় সমাজসেবা একাডেমি আগারগাঁও, ঢাকা।
১২। উপপ্রকল্প পরিচালক, শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (সকল)।

১৩। জনাব/বেগম.............................................................................................।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০৮/০৪/২০২০

মোঃ নূরুল হক মিয়া)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯১৩৮০২০
ই-মেইল : dd.pub@dss.gov.bd